

পিরোজপুরে স্নাতক গণিত অলিম্পিয়াড-২০২৫ অনুষ্ঠিত

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

এ. এফ. মুজিবুর রহমান ফাউন্ডেশনের আর্থিক
সহযোগিতায় এবং বাংলাদেশ গণিত সমিতির
উদ্যোগে আয়োজিত ১৬তম জাতীয় স্নাতক
গণিত অলিম্পিয়াড-২০২৫ এর বরিশাল
অঞ্চলের আঞ্চলিক প্রতিযোগিতা অনুষ্ঠিত
হয়েছে।

আজ শুক্রবার সকাল সাড়ে নটায় পিরোজপুর
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক
ভবন প্রাঙ্গণে পতাকা উত্তোলন ও করুতর
উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
উপাচার্য এবং বাংলাদেশ গণিত সমিতির
সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল ইসলামের
সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট
কম্পিউটার বিজ্ঞানী, কলামিস্ট ও লেখক
অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ।

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
গণিত বিভাগের চেয়ারম্যান ড. মো. মোশাররফ
হোসেনের পরিচালনায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান
অনুষ্ঠানের ডিন ড. আকতার হোসেন অনুষ্ঠানে
স্বাগত বক্তব্য দেন।

অনুষ্ঠানের শুরুতে জুলাই গণ-অভ্যর্থনা এবং
মহান মুক্তিযুদ্ধের সব শহীদের স্মরণে এক
মিনিট নীরবতা পালন করা হয়। পরে
অতিথিবৃন্দ, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও
প্রতিযোগীদের অংশগ্রহণে একটি র্যালি
অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথির বক্তব্যে ড. মোহাম্মদ
কায়কোবাদ গণিতভীতি দূর করে গণিতে
উৎকর্ষ অর্জনের মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে
যাওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।
তিনি বলেন, মানুষের মস্তিষ্ক সবচেয়ে দামি বস্তু।

কিন্তু আমরা এই মন্তিক্ষের সঠিক পরিচর্যা
করতে পারছি না। এই ধরনের প্রতিযোগিতার
মাধ্যমে শিক্ষার্থীদের মন্তিক্ষ ও তাদের চিন্তাশক্তি
আরো বিকশিত হবে।

সভাপতির বক্তব্যে অধ্যাপক ড. মো. শহীদুল
ইসলাম সব প্রতিযোগী ও শিক্ষকদের গণিত
অলিম্পিয়াডে অংশগ্রহণ করার জন্য শুভেচ্ছা
ও আন্তরিক ধন্যবাদ জানান। শিক্ষার্থীদের
উদ্দেশে তিনি বলেন, ভালো ফলাফল অর্জন
করলেই জীবনে সফলতা আসে না।

এর জন্য বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা অর্জন করতে
হবে। গণিত অলিম্পিয়াডের মাধ্যমে তোমরা
সেই দক্ষতা অর্জন করার সুযোগ পাবে। এ সময়
পড়াশোনার পাশাপাশি শিক্ষার্থীদের এ ধরনের
আয়োজনে নিয়মিত অংশগ্রহণের আহ্বান
জানান তিনি।

উদ্বোধনের পর সকাল সাড়ে ১০ টা থেকে দুপুর
সাড়ে ১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। দুপুর
সোয়া ২ টায় প্রশ্নোত্তর পর্ব এবং বিকেল ৪টায়
ফলাফল ঘোষণা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত
হয়।

এ সময় অতিথিরা আঞ্চলিক পর্বের সেরা ১০
শিক্ষার্থীর হাতে ক্রেস্ট ও সার্টিফিকেট তুলে
দেন। আঞ্চলিক পর্বের বিজয়ী শিক্ষার্থীরা
আগামী ৫ ডিসেম্বর ঢাকায় স্নাতক গণিত
অলিম্পিয়াডের জাতীয় পর্বে অংশ নেবে।

বরিশালের আঞ্চলিক পর্বে বিজয়ী শিক্ষার্থীরা
হলেন- বরিশাল বিশ্ববিদ্যালয়ের জাকিয়া আক্তার
রিভা, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়ের হাসিবুল ইসলাম শান্ত, বরিশাল
বিশ্ববিদ্যালয়ের তানজিলা আক্তার, বরিশাল
বিশ্ববিদ্যালয়ের মুমতাসিন আহমেদ পরাগ,
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
মুমতাহিনা রহমান, মো. নাফিস হাসান,
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
প্রিয়া কুন্ডু, বরিশাল বিশ্ববিদ্যালয়ের সুমাইয়া
আক্তার বাবলী, শিপন কুমার ঘোষ এবং
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
মো. ফিরোজ হোসেন সজীব।

প্রসঙ্গত, বরিশাল অঞ্চলের আঞ্চলিক পর্বে
বরিশাল বিভাগ এবং গোপালগঞ্জ ও ফরিদপুর
জেলার ১৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ
নেন। শিক্ষাপ্রতিষ্ঠানগুলো হলো- পিরোজপুর
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বরিশাল

বিশ্ববিদ্যালয়, পিরোজপুরের সরকারি
সোহরাওয়ার্দী কলেজ, বরিশালের সরকারি
বিএম কলেজ, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ,
বরিশাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ,
বরিশালের ট্রাস্ট ইউনিভার্সিটি, বরিশালের
গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ, ইউনিভার্সিটি
অব গ্লোবাল ভিলেজ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং
কলেজ, ভোলা সরকারি কলেজ, গোপালগঞ্জ
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও গোপালগঞ্জ
টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ।